অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

প্রস্তুতকৃত মন্তব্য: গভর্নর হোকল 2022 স্টেট অফ দ্য স্টেট প্রদান করলেন

"নিউ ইয়র্কের নতুন যুগ" এজেন্ডাতে রয়েছে 228টি সাহসী উদ্যোগ যা নিউ ইয়র্কের ফিরে আসার সূচনা করবে

10 বিলিয়ন মার্কিন ডলারের স্বাস্থ্যসেবা পরিকল্পনা কর্মীবাহিনীকে পুনর্গঠন এবং বৃদ্ধি করবে, কর্মীদের সরাসরি বেতন প্রদান করবে

প্রধান নীতিসংক্রান্ত সংশোধন স্টেটব্যাপী নির্বাচিত কর্মকর্তাদের কাজ দুই মেয়াদে সীমাবদ্ধ করবে, বাইরের উপার্জন নিষিদ্ধ করবে এবং JCOPE-কে নতুন স্বাধীন নীতিশাস্ত্র এজেন্সি দ্বারা প্রতিস্থাপিত করবে

বিলিয়ন ডলারের উদ্ধার পরিকল্পনা ক্ষুদ্র ব্যবসাসমূহকে ফিরে আসতে সাহায্য করবে, মধ্যবিত্তের কর ত্রাণ লাখ লাখ নিউ ইয়র্কবাসীর উন্নতি করবে

অবকাঠামোতে বিনিয়োগ নিউ ইয়র্ক সিটিতে ট্রানজিট সম্প্রসারণ করবে এবং জলবায়ু পদক্ষেপে দেশের নেতৃত্ব দিবে

স্টেট অফ দ্য স্টেট বইটি এখানে উপলভ্য

গভর্নর ক্যাথি হোকল আজকে তার 2022 স্টেট অফ দ্য স্টেট ভাষণ প্রদান করলেন যেখানে নিউ ইয়র্কের একটি নতুন যুগ (A New Era for New York) নিয়ে তার পরিকল্পনার রূপরেখা রয়েছে। ভাষণে গভর্নর হোকল তার এজেন্ডার নয়টি মুখ্য উপাদানের রূপরেখা প্রদান করেন: আমাদের স্বাস্থ্যসেবা অর্থনীতি পুনর্গঠন করা, জননিরাপত্তা রক্ষা করা এবং বন্দুক সহিংসতার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া, নিউ ইয়র্কের মানুষের জন্য বিনিয়োগ করা, নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহের জন্য বিনিয়োগ করা, নিউ ইয়র্কের আবাসন ব্যবস্থাকে আরো সাশ্রয়ী, ন্যায্য এবং স্থিতিশীল করা, নিউ ইয়র্ককে জলবায়ু পদক্ষেপ এবং সবুজ কর্মসংস্থানের দিক দিয়ে দেশের শীর্ষে নিয়ে যাওয়া, নিউ ইয়র্কের শিক্ষক কর্মীবাহিনীকে পুনর্গঠন করা এবং উচ্চতর শিক্ষা পুনঃকল্পনা করা, জাতীয় ন্যায্যতার মডেল হিসেবে নিউ ইয়র্কের অবস্থান অগ্রসর করা, এবং সরকারের প্রতি নিউ ইয়র্কবাসীর বিশ্বাস পুনঃপ্রতিষ্ঠা করা।

গভর্নরের প্রস্তুত করা মন্তব্য নিচে উপলভ্য:

ধন্যবাদ, লেফটেন্যান্ট গভর্নর। আপনি এতো স্বল্প সময়ে দুর্দান্ত কাজ করছেন এবং নিউ ইয়র্কের মানুষকে সেবা প্রদানের সময় আপনাকে আমার পাশে পেয়ে আমি গর্বিত।

এছাড়াও আমি সরকারে আমার অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই। স্টেট কম্পট্রোলার টম ডিন্যাপোলি, স্টেট অ্যাটর্নি জেনারেল টিশ জেমস, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস, এবং আমি আশা করছি অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি দ্রুত সুস্থ হয়ে উঠবেন।

এবং ধন্যবাদ আপনাদেরকে, প্যাস্টর সলোমন ডিজ এবং অ্যালি নাভারেট, গার্ল স্কাউটদের প্রতিনিধিত্ব এতো ভালোভাবে করার জন্য।

আজকে আপনাদের সামনে দাঁড়িয়ে, আমি খুব ভালো করেই এই মুহূর্তের গুরুত্ব অনুধাবন: নিউ ইয়র্কের ইতিহাসে প্রথমবারের মতো একজন নারী এই বার্ষিক ভাষণ দিচ্ছে। কিন্তু আমি এখানে ইতিহাস গড়তে আসিনি। আমি পরিবর্তন আনতে এসেছি।

নিশ্চিত থাকুন, আমাদের স্টেটের সুবর্ণ অতীতের প্রতি আমার গভীর শ্রদ্ধা রয়েছে। এবং আমরা এই সুন্দর অ্যাসেম্বলি চেম্বারে একত্রিত হয়ে সেটিকে সম্মান জানাচ্ছি, নির্বাচিত কর্মকর্তাদের জন্য এটিই আসল এবং ন্যায্য স্থান, যেখানে আমরা জনগণের সেবায় একত্রিত হয়েছি।

আমি এই সভার সাবেক সদস্য, এক সময়ের গভর্নর টেডি রুজভেল্টের উক্তি দিতে পছন্দ করি, তিনি বলেছেন: "সমালোচক নয়, কৃতিত্ব সেই পুরুষের - কিংবা বলা উচিত সেই নারীর - যে প্রকৃতপক্ষে ময়দানে রয়েছে।"

সরকারে আমার সহকর্মী ও অংশীদারদের প্রতি, দীর্ঘ সময় ধরে, অ্যালবানির নির্বাহী ও আইনসভার শাখাগুলি এই ময়দানে পরস্পর লড়াই করছে। আর নয়। সেটা এখন শেষ হচ্ছে।

আমি প্রস্তাব করছি নিউ ইয়র্কের জন্য একদম নতুন একটি যুগ। গভর্নরদের এই আইনসভার ন্যায্য ভূমিকা অগ্রাহ্য করার দিন শেষ। নিউ ইয়র্কের গভর্নর এবং নিউ ইয়র্ক সিটির মেয়রের মধ্যকার ক্ষুদ্রমনা প্রতিদ্বন্দ্বিতার দিন শেষ। তাদের সরকার আসলেই তাদের কাজ করছে কিনা, নিউ ইয়র্কবাসীর এই প্রশ্ন করার দিন শেষ।

এবং একটি কক্ষে তিনজন পুরুষের দিন শেষ - সংখ্যাগরিষ্ঠ নেতা সেটি ভালোই বলতে পারবেন।

আমরা জানি যে নারীদের সবসময় উচ্চতর আদর্শে বিবেচনা করা হয়েছে। তাই আমি জানি যে আমাকে প্রত্যাশা শুধু পূরণ করলে চলবে না, প্রত্যাশার বাইরে গিয়ে কাজ করতে হবে যাতে করে এটি আর ঐতিহাসিক অর্জন না হয়ে স্বাভাবিক ঘটনা হয়ে যায়। তাই আমরা ভিন্নভাবে কাজ করবো। এখন থেকে: আমরা সাফল্য ভাগ করে নিবো। আমরা কীভাবে একমত হতে পারি তা বের করে নিবো। আমরা এই সরকারের প্রতি বিশ্বাস পুনঃস্থাপন করবো, কারণ অনেক বেশি

সময় ধরে এটি ক্ষয়প্রাপ্ত হয়েছে। এবং আমরা কঠিন লড়াই করবো - প্রতিযোগিতা বা স্বীকৃতির জন্য নয়, বরং নিউ ইয়র্কবাসীর জন্য।

আমি এই আইনসভার সদস্যদের সাথে কাজ করতে পেরে, সেপ্টেম্বর থেকে আপনাদের **400**-র বেশি বিলে স্বাক্ষর করতে পেরে গর্বিত। এবং আমরা মাত্রই কাজ শুরু করেছি।
উচ্চাভিলাষী এই এজেন্ডা পাশ করার জন্য নিউ ইয়র্কবাসীর এই কক্ষের সকলের সাহায্য প্রয়োজন। এমন একটি এজেন্ডা যা কোভিড-19 মহামারীর সাড়াদান করে এবং একই সাথে আমাদের স্বাস্থ্যসেবা ও শিক্ষক কর্মীবাহিনীকে পুনর্গঠন করে, যাদের সব থেকে বেশি প্রয়োজন তাদের কর ত্রাণ প্রদান করে, অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করে এবং ভালো বেতনের, মধ্যবিত্ত কর্মসংস্থান সৃষ্টি করে, আমাদের অবকাঠামো জোরদার করে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করে, জননিরাপত্তা নিশ্চিত করে, আবাসন আরো সাশ্রয়ী করে এবং সকল নিউ ইয়র্কবাসীর মাথার উপর ছাদ নিশ্চিত করে এবং আমাদের স্টেটের সরকারে সাহসী সংশোধন প্রণয়ন করে।

আমার প্রিয় নিউ ইয়র্কবাসী: এই এজেন্ডা আপনাদের জন্য।

প্রতিটি উদ্যোগই কীভাবে এটি আপনাকে ও আপনার পরিবারকে সাহায্য করবে সেই কথা ভেবে নেওয়া হচ্ছে। আমি জানি আপনারা অবসন্ন, আমি জানি আপনারা এই মহামারীর ইতি চান, আমি জানি আপনারা অর্থনীতি, মূল্যস্ফীতি, আপনাদের সন্তান ও তাদের শিক্ষা এবং ভবিষ্যতে কী হতে যাচ্ছে না নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত।

গত দুই বছর আমরা অনেক কঠিন সময়ের মধ্য দিয়ে পার করেছি। আমরা প্রিয়জনদের কবর দিয়েছি, আমাদের দৈনন্দিন জীবনে ভূকম্পীয় পরিবর্তন দেখেছি এবং জীবনের অনেক অতি মূল্যবান মাইলফলক হারিয়ে ফেলেছি যেমন, ছুটির দিন, বিয়ে, গ্র্যাজুয়েশন, নাতি নাতনির জন্ম।

এতো বেশি কিছু আমরা হারিয়েছি, অনেক বেশি জীবন, আমাদের অনেক বেশি আসা ও স্বপ্ন। এবং এখন, ঠিক যখন আমরা ভেবেছিলাম সময় বদলে যাচ্ছে, নতুন একটি ভ্যারিয়েন্ট এসেছে। আক্রান্তের সংখ্যা আবার বৃদ্ধি পাচ্ছে। মনে হচ্ছে যেন একটি ডেজা ভু।

এবং আমি জানি আপনাদের সকলের প্রশ্ন: আমরা কি এটি পার করতে পারবো?

হ্যাঁ। আমরা পারবো।

আমরা নিউ ইয়র্কবাসী। আমরা আগেও ধাক্কা খেয়েছি। আমাদের হিসেবের বাইরে ফেলে দেওয়া হয়েছে। কিন্তু তার উত্তরে, আমরা কখনোই সকল প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করে নতুন উচ্চতায় উঠতে ব্যর্থ হইনি।

নিউ ইয়র্ক সবসময় ধ্বংসাবশেষ থেকে উঠে দাঁড়ায়। এই জন্য আমি বিশ্বাস করি যে, এটি হতাশার মুহূর্ত নয়, বরং দারুণ সম্ভাবনার মুহূর্ত। কারণ যদিও আমরা একটি সর্বক্ষয়ী সঙ্কটের

মধ্যে রয়েছি, আমাদেরকে এটিও মনে রাখতে হবে যে যদি আমরা এখন সঠিক সিদ্ধান্ত নেই, এটি শেষ হয়ে যাবে।

কিন্তু প্রথমে, আমাদেরকে চারপাশের ঝড়ের মোকাবেলা করতে হবে। অর্থাৎ এই ভাইরাসকে নিয়ন্ত্রণ করতে এবং এটি দ্বারা নিয়ন্ত্রিত হওয়া যাবে না।

যখন আমি দায়িত্ব গ্রহণ করি, তখন আমরা তাৎক্ষণিকভাবে একটি সার্বিক মহামারী পরিকল্পনা প্রণয়ন করি এবং আমরা ওমিক্রনের মতো নতুন ভ্যারিয়েন্ট আসার সাথে সাথে অভিযোজন করা অব্যাহত রেখেছি। আমরা নিউ ইয়র্কবাসীকে স্বাস্থ্যবান রাখতে সম্ভাব্য সবকিছু করছি: এমন নীতি তৈরি করেছি যার ফলে আমাদের টিকা গ্রহণের হার দেশে সর্বোচ্চগুলির মধ্যে একটি হয়েছে, টিকা ও নমুনা পরীক্ষার সাইটে সামরিক-পন্থায় কর্মকাণ্ড সক্রিয় করা হয়েছে, আমাদের হাসপাতাল ও নার্সিং হোমগুলিতে ন্যাশনাল গার্ড (National Guard) নিযুক্ত করা হয়েছে এবং পুরো স্টেটে 37 মিলিয়ন নমুনা পরীক্ষার ব্যবস্থা প্রেরণ করা হয়েছে।

এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধির সময়, আমাদের মূল মনোযোগ হলো আমাদের শিশুদের স্কুলে রাখা, ব্যবসাসমূহকে খোলা রাখা এবং নিউ ইয়র্কবাসীর জীবন যত সম্ভব স্বাভাবিক রাখা।

আমরা সম্মুখ থেকে এই ভাইরাসকে আক্রমণ করছি, একটি সুকৌশলী, বিজ্ঞানসম্মত পন্থায় এবং আমরা সামনে যাই আসুক না কেনো, তার জন্য প্রস্তুত।

কিন্তু যেমনটি আমরা সকলেই খুব ভালো করে জানি, এটি শুধুই একটি জনস্বাস্থ্য সঙ্কট নয়। এখন আমাদেরকে সবথেকে বেশি দুর্দশাগ্রস্ত মানুষ, স্থান এবং শিল্পসমূহকে সমর্থন করতে হবে, যার শুরু হবে প্রথম দিন থেকে ফ্রন্টলাইনে থাকা নিউ ইয়র্কবাসীদের দিয়ে।

প্রথমদিকের ভয়াবহ মাসগুলিতে, যখন অনেকে বাড়িতে লুকিয়ে ছিলো, আমাদের স্বাস্থ্যসেবা কর্মীরা এবং প্রথম সাড়াদানকারীরা দিনের পর দিন, রাতের পর রাত কাজে এসেছে এবং অনেক ডাবল শিফট করেছে, অন্যদের বাঁচাতে নিজেদের জীবনকে ঝুঁকিগ্রস্ত করেছে।

তারা শুধু শারীরিকভাবে অবসন্ন নয়, মানসিকভাবেও অবসন্ন। আমি মাত্র গত সপ্তাহেই বাফেলো থেকে পটসড্যাম পর্যন্ত হাসপাতালগুলিতে তাদের চোখে এই ক্লান্তি দেখেছি।

পূর্বে বিদ্যমান থাকা কর্মী ঘাটতির সাথে এই ক্লান্তি মিলে একটি সঙ্কট সৃষ্টি করেছে। আমাদের কোনওভাবেই আমাদের হাসপাতাল বা দীর্ঘমেয়াদি সেবা ফ্যাসিলিটি, আমাদের অ্যাম্বুলেন্সে বা আমাদের প্রিয়জনের হোমসে পর্যাপ্ত স্বাস্থ্যসেবা কর্মী নেই।

প্রত্যেক নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য নির্ভর করে দৃঢ়, স্থিতিশীল এবং ন্যায্য স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপরে এবং স্বাস্থ্যসেবা কর্মীরাই এর মূল ভিত্তি। আরো সময় পার হওয়ার আগেই আমাদের সাহসী পদক্ষেপ নিতে হবে।

প্রথমে, আমাদেরকে অবশ্যই স্বাস্থ্যসেবা কর্মীদের বর্তমান রক্তক্ষরণ বন্ধ করতে হবে এবং আমরা এটি করবো শুধু মুখে আমরা তাদের কাছে ঋণী বলে নয়, বরং তাদের সেই অর্থ প্রদান করে যা আমাদের কাছে তাদের প্রাপ্য, যা শুরু হবে আমাদের স্বাস্থ্য ও সরাসরি সেবা কর্মীদের ধরে রাখার জন্য 3,000 মার্কিন ডলার বোনাস দিয়ে এবং আমরা স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীর সকল অংশে উচ্চতর বেতনের জন্য কাজ করবো, যাতে করে যারা পৃথিবীতে ঈশ্বরের কাজ করছে তাদের যেন সেই কাজ সর্বনিম্ন বেতনে করতে না হয়।

বেতন ছাড়াও, আমরা অন্য স্টেটের ডাক্তার ও নার্সের জন্য তাদের বিদ্যমান লাইসেন্স দিয়ে নিউ ইয়র্কে প্র্যাকটিস করা সহজতর করে দিবো। আমরা আমাদের মেডিক্যাল প্রতিষ্ঠানগুলির ধারণক্ষমতা বৃদ্ধি করবো যাতে করে আরো বেশি শিক্ষার্থী উচ্চ চাহিদার স্বাস্থ্যসেবা চাকরির জন্য প্রশিক্ষণ নিতে পারে এবং যদি তারা স্নাতকের পর এখানেই থাকে তাহলে বিনামূল্যে পড়ার খরচ ও উপবৃত্তি প্রদান করে তাদের প্রশিক্ষণ গ্রহণ সম্ভব করবো।

জীবনে একবারই হয় এমন মহামারীর জন্য জীবনে একবার হওয়ার মতো সাড়াদান প্রয়োজন:

এইজন্য আমি আমাদের স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে আগামী পাঁচ বছরে 20 শতাংশ সম্প্রসারণ করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য স্থির করছি। এবং আমরা স্টেটের ইতিহাসে স্বাস্থ্যসেবায় সর্বোচ্চ বিনিয়োগ করতে, যাচ্ছি 10 বিলিয়ন মার্কিন ডলার। যখন আমরা আমাদের ক্লান্ত, অবসন্ন স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে জোরদার করছি, আমরা জানি যে তারা মহামারীর একমাত্র নায়ক নয়।

আমি কাউন্টির নেতৃবৃন্দ, স্কুল সুপারিন্টেনডেন্ট, প্রশাসক, পিতামাতা এবং শিক্ষকদের প্রতি কৃতজ্ঞ আমাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এই সপ্তাহে শিশুদের স্কুলে ফেরানোর জন্য।

একটি শিশুর জীবনে একজন শিক্ষকের ভূমিকা অপূরণীয় এবং গত দুই বছরে এটি অনেক বেশি প্রকট হয়েছে যে, পিতামাতার জীবনেও তাদের অপূরণীয় ভূমিকা রয়েছে।

একজন মা হিসেবে, আমি আমার অভিজ্ঞতা থেকে এটি জানি। এই কর্মীবাহিনীও অবসাদগ্রস্ত এবং তাদের অতিরিক্ত কাজের চাপ রয়েছে। তাই আমরা শিক্ষক নিয়োগ ও ধরে রাখার জন্য প্রচেষ্টা জোরদার করবো, আরো কার্যকর প্রশিক্ষণ, সমর্থন, দ্রুততর এবং সহজতর সনদপ্রাপ্তি, এবং আরো মজবুত ক্যারিয়ার পাইপলাইন ও উন্নতির মাধ্যমে।

এবং আমরা স্কুলে আরো বেশি মানসিক স্বাস্থ্য পেশাদার নিযুক্ত করবো যাতে করে আইসোলেশন ও দূরবর্তী শিক্ষার মানসিক ধকল সাড়িয়ে তোলা যায়। অন্যরাও সমস্যায় রয়েছে। পরিবার, ক্ষুদ্র ব্যবসার মালিক, খামারি, তাদের সকলেরই আমাদের সাহায্য প্রয়োজন। তাদের সাহায্য এখনই প্রয়োজন এবং তারা সেটি পাবে।

আমরা একটি 1.2 বিলিয়ন মার্কিন ডলারের কর কর্তন ত্বরান্বিত করবো, যা আসলে এখন থেকে 2025-র মধ্যে কার্যকর হওয়ার কথা ছিলো, যাতে করে এটি দ্রুত পাওয়া যায়। অর্থাৎ 6 মিলিয়নের বেশি মধ্যবিত্ত করদাতা তাদের পকেটে দ্রুত অর্থ পাবে, এমন এক সময়ে যখন মূল্যস্ফীতির ফলে তাদের আয় থেকে কোনও কিছুই বাকি থাকছে না।

সম্পত্তির করে সাহায্য করার জন্য, আমরা 2 মিলিয়নের বেশি বাড়ির মালিকদের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলার মধ্যবিত্ত শ্রেণীর সম্পত্তি কর ছাড় প্রদান করবো। এবং পিতামাতাকে কাজে ফেরত যেতে সাহায্য করার জন্য, আমরা আরো 100,000 কর্মজীবী পরিবারের সাশ্রয়ী চাইল্ডকেয়ার পাওয়ার সুযোগ বৃদ্ধি করবো এবং চাইল্ডকেয়ার কর্মীদের বেতনে 75 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবো।

এছাড়াও আমরা প্রায় 200,000 ক্ষুদ্র ব্যবসাকে অতি প্রয়োজনীয় ত্রাণ হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবো যাতে করে তারা ব্যবসা সচল রাখতে পারে এবং আগামী কয়েক মাসের বিপদ সামাল দিতে পারে। এই ব্যবসাগুলি ক্ষুদ্র টাউন ও বড় শহর সব স্থানের অর্থনৈতিক ইঞ্জিন, এগুলিই আমাদের সম্প্রদায়সমূহকে অনন্য করে এবং তাদের ব্যক্তিত্ব প্রদান করে।

আমি এটি ভালোই জানি, আমি বেশির ভাগ টাউন ও শহরে কেনাকাটা ও খাওয়াদাওয়া করেছি।

এছাড়াও আমি আমার মাকে একটি ফুলের দোকান খুলতে এবং আমার বোনকে একটি ছোট প্রযুক্তি কোম্পানি খুলতে সাহায্য করেছি, তাই আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে জানি এটি কতটা কঠিন। আমি জানি মালিক ও উদ্যোক্তারা কী পরিমাণ ঝুঁকি নেয়, এবং নারীরা কী প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। অনেক বেশি ক্ষুদ্র ব্যবসা ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছে। হাজার হাজার পানশালা এবং রেস্তোরা, আমাদের এলাকার প্রাণ, বন্ধ হয়ে গিয়েছে।

অন্যদের জন্য, যারা কোনওমতে টিকে আছে, টিকে থাকা নির্ভর করবে তারা আউটডোরে আরো স্থান তৈরি করতে পারবে কিনা তার উপর, যা শীতকালে নিউ ইয়র্কে খুব কঠিন কাজ। এই ব্যয়ে সাহায্য করতে, আমরা কোভিড-সংক্রান্ত ক্রয়ে, যেমন আউটডোর হিটার এবং বসার ব্যবস্থা, কর ক্রেডিট প্রদান করবো। এবং আমরা এছাড়াও এমন একটি কাজ করবো যার অনুরোধ পানশালা এবং রেস্তোরাগুলি বার বার করেছে, সাথে নিয়ে যাওয়ার জন্য পানীয় বিক্রয়, এটি গত সময়ে মুনাফার গুরুত্বপূর্ণ পন্থা ছিলো।

চিয়ার্স, নিউ ইয়র্ক।

রেস্তোরার এবং আমাদের নিজেদের রান্নাঘরে যেই খামারিরা সরবরাহ করে, তাদেরও সাহায্য প্রয়োজন। আমি জেনেসি কাউন্টি থেকে লং আইল্যান্ডের নর্থ ফোক পর্যন্ত অনেক খামার পরিদর্শন করেছি, এবং ভালো সময়েও জীবন সেখানে কঠিন। তাই আমরা তাদের সমর্থন করার জন্য তারা ওভারটাইম ঘণ্টার জন্য যেই অর্থ প্রদান করে তার উপর কর ক্রেডিট প্রদান করছি, বিনিয়োগ কর ক্রেডিট (Investment Tax Credit) বৃদ্ধি করছি এবং খামার কর্মীবাহিনীর ধরে রাখার ক্রেডিট দ্বিগুণ করছি।

এটি কর্মী ঘাটতি দূর করতে শুরু করবে যা নিয়ে অনেক খামার ভুগছে।

এইভাবেই আমরা স্বাস্থ্যসেবা কর্মী, শিক্ষক, ক্ষুদ্র ব্যবসা, খামার এবং পরিবারগুলিকে অর্থনীতিতে কোভিডের বিপর্যয়কারী প্রভাব কাটিয়ে উঠতে সাহায্য করা শুরু করবো।

কিন্তু মহামারীর বাইরেও, আমার এজেন্ডাতে আমার এই বিশ্বাসের প্রতিফলন রয়েছে যে আমরা ভাইরাসকে আমাদের জীবনে এমন দৃঢ় হয়ে উঠতে দিতে পারি না যে এটি আমাদের ভবিষ্যৎ চিন্তাকে বাঁধাগ্রস্ত করে। আমাদের প্রাক-মহামারী জীবনে সরলভাবে ফেরত যাওয়ার ইচ্ছা শুধু ভীতু এবং কল্পনাশক্তিহীন হবে না। এটি আমাদের ইতিহাসকেও অগ্রাহ্য করবে এবং নিউ ইয়র্ককে যা নিউ ইয়র্ক করে তোলে, তার সব কিছুর বিপরীতে যাবে।

এমন সময়ের ফলে যেই সম্ভাবনার সৃষ্টি হয়েছে আমরা যদি সেগুলি গ্রহণ করতে না পারি, তাহলে আমরা আমাদের পূর্বের অতিশয় সাহসী, স্বপ্নদ্রষ্টা নিউ ইয়র্কবাসীদের অর্জন ও স্মৃতিকে সম্মান জানাতে ব্যর্থ হবো।

গভর্নরের বাসভবনে ম্যান্টলের উপর ফ্র্যাঙ্কলিন রুজভেল্টের (Franklin D. Roosevelt, FDR) প্রতিকৃতি আমাকে প্রতিদিন মনে করিয়ে দেয় যে সঙ্কটের সময় নেতৃত্ব প্রদান কীরকম হওয়া উচিত। প্রথমে গভর্নর হিসেবে, এবং এরপর রাষ্ট্রপতি হিসেবে, FDR আক্ষরিক অর্থেই 29-র পতনের পর অর্থনীতিকে পুনর্গঠিত করেছেন। মানুষকে চাকরি দেওয়ার থেকেও বড় কিছু তিনি দিয়েছেন, আশা।

তার নতুন চুক্তির (New Deal) নীতিগুলি শুধু সর্বহারা পরিবারগুলিকেই সাহায্য করেনি, সেগুলি অনেক দশকের অর্থনৈতিক বিকাশের সৃষ্টি করেছে এবং মধ্যবিত্ত শ্রেণীকে জন্ম দিয়েছে। বার বার তিনি তার চারপাশের ঝড়ের প্রতি মনোযোগ দিয়েছেন, কিন্তু নজর রেখেছেন সামনের দিগন্তে, সবসময় এমন দিনের পরিকল্পনা করেছেন যখন মেঘ কেটে যাবে।

আমরা এখন ঠিক সেটিই করছি। আমরা আজকে যেসকল সমস্যার সম্মুখীন হচ্ছি, তার সবগুলি মহামারী সৃষ্ট নয়। এটি শুধুই আমাদের সামনে একটি রেখে আমাদের সমাজের ফাটলগুলি দেখতে বাধ্য করেছে যা এতদিন খুব সহজে উপেক্ষা করা গিয়েছে। সঙ্কটটি আমাদের নিজেদের ভিন্নভাবে সংজ্ঞায়িত করার একটি সুযোগ সৃষ্টি করেছে, এবং আমাদেরকে তা গ্রহণ করতেই হবে।

কিন্তু যখন আমরা আমাদের স্টেটের এই নতুন যুগে পদার্পণ করতে যাচ্ছি, আমাদেরকে কঠিন বাস্তবতার সম্মুখীন হতে হচ্ছে। যেমন, এই সত্যি যে গত বছরে 300,000 নিউ ইয়র্কবাসী আমাদের স্টেট ছেড়ে চলে গেছে। যা দেশের যেকোনও স্টেটের মধ্যে সর্বাধিক জনসংখ্যা হ্রাস, এটি একটি সতর্কবার্তা যা অগ্রাহ্য করা যাবে না। যারা মহামারীর কারণে অস্থায়ীভাবে চলে গিয়েছে বা যারা এই অনিশ্চিত সময়ে পরবর্তী ধাপ কী হতে পারে বোঝার চেষ্টা করছে, তাদের জন্য আমার একটি বার্তা রয়েছে: সামনে যা হতে যাচ্ছে আপনারা সেই সুযোগ হারাতে চাইবেন না।

এখনই, বাস্তবিক সময়ে, আমরা আপনার প্রতিভা ও উচ্চাকাঙ্ক্ষার যোগ্য একটি নতুন নিউ ইয়র্ক গঠন করছি। আমরা দেশের সর্বাধিক ব্যবসা-বান্ধব ও কর্মী-বান্ধব স্টেট হয়ে আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের কাজ শুরু করবো।

মানুষ ও ব্যবসাকে আকৃষ্ট করতে, আমরা আমাদের শহরের ডাউনটাউনগুলিকে নতুন কর্মসংস্থান ও নতুন সুযোগের চুম্বকে রূপান্তরিত করতে মিলিয়ন মিলিয়ন ডলার বিনিয়োগ করছি, যাতে বহুদিন ধরে সচল এবং উদীয়মান উভয় ধরনের শিল্পে সাফল্য আসে।

নিউ ইয়র্ক ইতিমধ্যেই বিশ্বের সর্বাধিক প্রভাবশালী কিছু শিল্পের আবাস। যেমন অর্থনীতি, খুচরা বিক্রয়, স্বাস্থ্যসেবা, প্রযুক্তি, ফ্যাশন, বিনোদন।

কিন্তু বিকাশের আরো অনেক সুযোগ রয়েছে। নতুন প্রস্তুতকারক এবং গুদামের জন্য কাজ-করার-জন্য প্রস্তুত সাইট, আমাদের মালবাহী অবকাঠামোতে উন্নয়ন এবং এমন প্রযুক্তিতে বিনিয়োগ যা ভবিষ্যতের চাকরি জোরদার করবে। এবং আমরা নিশ্চিত করবো যে এইসব চাকরি গ্রহণের জন্য আমাদের প্রশিক্ষিত কর্মীবাহিনী আছে।

এইজন্যই আমরা কর্মীবাহিনী বিকাশ কর্মসূচিতে বুদ্ধি ও কৌশলের সাথে বিনিয়োগ করবো অর্থাৎ মানুষকে প্রশিক্ষণ ও চাকরির সাথে যুক্ত করে দিবো।

আমি জানি চাহিদা অনেক বেশি। আমি যেই হাজার হাজার কর্মস্থল পরিদর্শন করেছি, সেখানে সর্বজনীন অভিযোগ ছিলো পর্যাপ্ত প্রশিক্ষিত কর্মীবাহিনী না থাকা। প্রত্যেকটি স্থানেই, একই ঘটনা।

এইজন্য আমরা আমাদের কর্মীবাহিনী বিকাশ অফিস (Workforce Development Office) পুনরায় শুরু করবো, এটিকে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) অংশ করবো যাতে করে আমরা চাকরিদাতাদের সাথে আরো শক্তিশালী অংশীদারিত্ব গঠন করতে পারি এবং আমাদের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদসমূহের (Regional Economic Development Councils) মাধ্যমে তহবিল প্রদান করতে পারি যাতে করে আমরা এমন কর্মসূচি বিকাশ করতে পারি যেগুলি এমন চাকরির জন্য প্রশিক্ষণ প্রদান করে যার স্টেটের বিভিন্ন অংশে সত্যিকারের চাহিদা রয়েছে।

এবং এটি করার বুদ্ধিমান উপায় হলো স্কুল জেলা, কমিউনিটি কলেজ, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York. CUNY) সকলের একই উদ্দেশ্যে মনোনিবেশ করা।

আমরা কর্মীবাহিনীর একটি অংশকে উচ্চ চাকরি প্রদানের হারের সাথে যুক্ত করে সাফল্যের প্রণোদনা প্রদান করবো। এছাড়াও আমরা একটি সংখ্যালঘু/মহিলা মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (Minority/Women-owned Business Enterprises, MWBE) হিসেবে যোগ্য হওয়া সহজতর করবো, যাতে সকলেই সুযোগ পায়। এটি একটি সাধারণ জ্ঞানের পন্থা, যা অসাধারণ মাত্রার অর্থায়ন দ্বারা সমর্থিত হবে। এবং এটি আমাদের অর্থনীতিকে সুপারচার্জ করতে সাহায্য করবে।

আমাদের লক্ষ্য হলো নিউ ইয়র্ককে জাতীয়ভাবে এমন একটি স্থান হিসেবে পরিচিত করা যেখানে প্রবৃদ্ধি হয়ে এবং প্রতিভা আকৃষ্ট হয়, ব্যবসা তার সাথেই আসবে। এবং ব্যবসা সফল হওয়ার জন্য, তাদের ভালোভাবে প্রশিক্ষিত এবং শিক্ষিত কর্মীবাহিনী প্রয়োজন।

আমি আমার অন্তরের অন্তঃস্থল থেকে বিশ্বাস করি যে সুযোগ ও সমৃদ্ধ অর্জনের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের থেকে মূল্যবান আর কিছুই নেই। এটি একাধিক প্রজন্মের জন্য জীবন বদলে দেয়।

আমি জানি শিক্ষা আমার নিজের পরিবারের পরিস্থিতিতে কী অবদান রেখেছে। আমার দাদা-দাদী কিশোর বয়সে আয়ারল্যান্ড থেকে পালিয়ে এসেছিলো কারণ তাদের কিছুই ছিলো না, তারা গরিব ছিলো, নিজের দেশে তাদের কোনওরকম সুযোগ ছিলো না। আমার দাদা প্রথমে দক্ষিণ ডাকোটার মাঠে অভিবাসী খামার কর্মী হিসেবে কাজ করে, এবং পরবর্তীতে সে এবং দাদী গৃহকর্মী হয়ে যায় এবং এরপর সবকিছু বদলে যায় যখন সে জানতে পারে যে নিউ ইয়র্কের বাফেলো নামক স্থানে বেথলেহেম স্টিল প্ল্যান্টে (Bethlehem steel plant) দারুণ চাকরির সুযোগ রয়েছে।

দাদি বেল অ্যারোস্পেসে (Bell Aerospace) দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমাদের প্লেনের পার্টস বানানোর একটি চাকরি খুঁজে পায়। সেটি ছিলো তাদের সেই জীবনের টিকেট যার সন্ধানে তারা এখানে এসেছিলো।

কিন্তু যা সত্যিই আমার পরিবারকে বদলে দিয়েছিলো তা হলো আমার বাবা দিনে তার বাবার সাথে স্টিল প্ল্যান্টে কাজ করেও রাতের বেলা একটি কলেজ ডিগ্রি অর্জন করতে পারে।

যদি সে এই কাজটি না করতো, এবং নিজের শিক্ষায় বিনিয়োগ না করতো, আজকে আমার জীবন সম্পূর্ণ ভিন্ন হতো। আমার পুরো পরিবারের জীবন ভিন্ন হতো। এইজন্যই আমি শিক্ষাগত সুযোগ বৃদ্ধির দিকে মনযোগী, যা শুরু হবে খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য স্টেটের টিউশন সহায়তা কর্মসূচি উপলভ্য করার মাধ্যমে।

আমি বিশ্বাস করি SUNY এবং CUNY হলো সামাজিক গতিশীলতার ইঞ্জিন এবং তাদের এখনো ব্যবহার হয়নি এমন সম্ভাবনা রয়েছে যা ব্যবহার করা প্রয়োজন।

তাই আজকে আমি SUNY-কে স্টেটব্যাপী সরকারি উচ্চতর শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে দেশের সেরা করার স্বপ্নের রূপরেখা প্রদান করছি। কীভাবে? বিশ্বমানের ফ্যাকাল্টি নিয়োগ দিয়ে, স্টোনি ব্রুক (Stony Brook) এবং বাফেলো ইউনিভার্সিটিতে (University at Buffalo) ফ্ল্যাগশিপ প্রতিষ্ঠান তৈরি করে, বিংহ্যামটন এবং অ্যালবানিতে আমাদের সেরা গবেষণা ফ্যাসিলিটিতে আরো বিনিয়োগ করে, আমাদের চার-বছরের সার্বিক কলেজ, আমাদের প্রযুক্তি কলেজ এবং আমাদের কমিউনিটি কলেজের শক্তির উপর নির্ভর করে, প্রতিটি ক্যাম্পাসে চাইল্ডকেয়ার প্রদান করে, 2030 সালের মধ্যে শিক্ষার্থী ভর্তি করা 500,000 বৃদ্ধি করে, SUNYকে ন্যায্যতার জাতীয় নেতা বানিয়ে, প্রত্যেক সম্প্রদায়ে ডিগ্রি ও ক্রেডেনশিয়াল মাধ্যমে মানুষের সংখ্যা ও বৈচিত্র্য বৃদ্ধি করা যাতে মধ্যবিত্ত ক্যারিয়ার শুরু করে দেওয়া যায় এবং SUNY ক্যাম্পাস যাতে আশেপাশের সম্প্রদায়ে অর্থনৈতিক বিকাশ শুরু করে দেয় তা নিশ্চিত করার মাধ্যমে।

যখন আমরা স্টেটব্যাপী আমাদের উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠানগুলিকে উন্নত করছি, আমরা এটিও জানি যে আমরা যদি তাদের জন্য চাকরির প্রশিক্ষণ এবং শিক্ষার সুযোগ সৃষ্টি না করি তাহলে অনেক জনগোষ্ঠীর পতনের ঝুঁকি রয়েছে।

উদাহরণস্বরূপ, আমরা জানি যে যেসকল কারাবন্দী সংশোধনমূলক শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করে তাদের পুনরায় অপরাধ করার সম্ভাবনা অনেক কম এবং কারাগার থেকে বের হয়ে চাকরি খুঁজে নেওয়ার সম্ভাবনা 13 গুণ বেশি।

এই ফলাফল দ্বারা প্রাক্তন কারাবন্দী চাকরিদাতা যাদের কর্মী প্রয়োজন, নিউ ইয়র্ক স্টেটের করদাতারা সকলেই লাভবান হয়, এবং এটিই হওয়া উচিত।

তাই আজকে আমি একটি নতুন "কারাগার-থেকে-চাকরিতে" উদ্যোগ ঘোষণা করছি, যাতে করে কারাবন্দীরা কারাগার থেকে বের হয়ে চাকরি খোঁজার জন্য প্রয়োজনীয় সমর্থন পায়। এছাড়াও আমরা 30 বছরের নিষেধাজ্ঞার পর কারাবন্দীদের জন্য টিউশন সহায়তা কর্মসূচি (Tuition Assistance Program) পুনরায় শুরু করতে যাচ্ছি।

যখন আমরা প্রতিটি ক্ষেত্রে অর্থনৈতিক সুযোগ তৈরি করছি, তখন এমন একটি শিল্প আছে যা আগামী বহু বছর ধরে সর্বদা কাজ করবে, নির্মাণ বাণিজ্যে আমার বন্ধুরা, তারা এমন অবকাঠামো নির্মাণ করবে যেমনটি আমরা আগে কখনো দেখিনি।

অবকাঠামোর অর্থ একেক মানুষের কাছে একেক হতে পারে। আমার কাছে, এটি আকর্ষণীয় কারণ এর মূল উদ্দেশ্য সংযোগ স্থাপন। এলাকার মধ্যে সংযোগ, মানুষ ও চাকরির সাথে সংযোগ এবং মানুষের ও তাদের পরিবারের সংযোগ।

নিম্নমানের অবকাঠামোর অর্থ হতে পারে দীর্ঘ কমিউট, পরিবারের সাথে সময় কাটানোর সময় হ্রাস, এমনকি শিশুর ঘুমাতে যাওয়ার সময়টি হারিয়ে ফেলা। গর্তে পরে টায়ার মেরামতের দোকানে সময় ব্যয় করার চাপ কারো নিতে হওয়া উচিত না। এইজন্য আমি আমাদের অবকাঠামো নির্মাণ ও উন্নয়নকে জীবনযাত্রার মান সংক্রান্ত সমস্যা বলে মনে করি।

নভেম্বরে আমি কংগ্রেসে আমার সাবেক সহকর্মীদের সাথে হোয়াইট হাউজের বাগানে দাঁড়িয়েছিলাম যখন রাষ্ট্রপতি বাইডেন ঐতিহাসিক অবকাঠামো বিলে স্বাক্ষর করেছেন, যা আমাদের বিনিয়োগ করার শতকে-একবার পাওয়া যায় এমন সুযোগ দিয়েছে।

আমরা এই মুহূর্তকে হারিয়ে যেতে দিতে পারি না, এবং আমরা দিবো না।

নিউ ইয়র্কবাসীদের চাহিদা সেরাটি এবং তারা ঠিক সেটিই পেতে যাচ্ছে। দেখুন গত চার মাসে আমার প্রশাসন ইতিমধ্যেই কী কী ঘোষণা করেছে।

আমরা অবশেষে পেন স্টেশনকে আমাদের শহরের জন্য উপযুক্ত বিশ্বমানের ফ্যাসিলিটিতে পরিণত করবো, নিশ্চিত করবো যে গেটওয়ে প্রকল্পটি যাতে অবশেষে অগ্রসর হয়, লাগুয়ার্দিয়া

এবং জন এফ কেনেডি (John F. Kennedy, JFK) উভয় বিমানবন্দরে এমন উন্নয়ন করবো যা অনেক আগেই হওয়া উচিত ছিলো, এবং ইস্ট হারলেমে চাকরির সাথে সংযোগ স্থাপনের জন্য সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ের (2nd Avenue Subway) কাজ শেষ করবো।

কিন্তু আমরা কেবল কাজ শুরু করেছি।

আজকে, আমি একটি সাহসী ধারণা ঘোষণা করছি, একটি পুরনো, অব্যবহৃত, 14-মাইল লম্বা রাস্তার অধিকার নিয়ে ব্রুকলিন ও কুইন্সের সংযোগ স্থাপনকারী নতুন রেল সেবা তৈরি করা, যাকে আমরা ইন্টার-বরো এক্সপ্রেস (Inter-Borough Express) ডাকছি।

আমি মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটিকে (Metropolitan Transportation Authority, MTA) অবিলম্বে একটি পরিবেশগত পর্যালোচনা করার নির্দেশ দিচ্ছি যাতে করে আমরা এই প্রকল্পটির কাজ শুরু করতে পারি এবং এছাড়া আমি পোর্ট অথোরিটিকে (Port Authority) ক্রস-হারবার মালবাহী টানেলের কাজ অগ্রসর করতে নির্দেশ দিচ্ছি।

যেমনটি আমি আগেও বলেছি, অবকাঠামোর মূল উদ্দেশ্য সংযোগ। আমাদের এলাকাগুলিকে পুনরায় সংযুক্ত করতে হবে যা অ্যাসফল্টের রাজপথ দ্বারা বিচ্ছিন্ন হয়ে গিয়েছিলো, যা অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করেছে।

আমরা বাফেলোর কেনসিংটন এক্সপ্রেসওয়ে (Kensington Expressway), সিরাকিউসে I-81, রচেস্টারে ইনার লুপ (Inner Loop) এবং ক্রস-ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের (Cross-Bronx Expressway) মতো প্রকল্পসমূহ দিয়ে অর্ধ শতাব্দীর পূর্বে করা ক্ষতি পূরণ করতে চলেছি।

আমি গত সাত বছরের প্রতিটিতে আমাদের 62 কাউন্টির প্রত্যেকটিতে গিয়েছি, তাই আমি প্রায় সকল রাস্তা, হাইওয়ে, সেতু চিনি।

এছাড়াও নিউ ইয়র্কের রাস্তার প্রায় প্রতিটি গর্তের ব্যাপারে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা রয়েছে, বিশেষ করে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়েতে (Long Island Expressway)। আমি সেগুলিও ঠিক করবো।

এবং আমরা নিউ ইয়র্কের ডিজিটাল অবকাঠামোতে সর্বকালের সর্ববৃহৎ বিনিয়োগ করছি, আরো বেশি নিউ ইয়র্কবাসীকে উচ্চগতির ইন্টারনেটের সাথে যুক্ত করতে 1 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করছি। বিনিয়োগটি উদ্ভাবন এবং অর্থনৈতিক বিকাশ বৃদ্ধি করবে, বিশেষ করে আমাদের গ্রামীণ সম্প্রদায়গুলিতে।

আমাদের অবকাঠামো পুনর্গঠনের পরিকল্পনায় আরেকটি অতি গুরুত্বপূর্ণ অংশ রয়েছে, একে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আরো মজবুত করা। দায়িত্ব গ্রহণের কিছুদিন পরেই, হারিকেন আইডা আমাদের আঘাত করে। আমি কুইন্সে ইস্ট এলমহার্স্টের পানিতে ডুবে থাকা রাস্তায় হেঁটেছি এবং প্রকৃতি ও আমাদের দুর্বল অবকাঠামোর মহাকাব্যিক সংঘাতের পরবর্তী অবস্থা দেখেছি, যার ফল বিধ্বংসী ছিলো।

এটি নিষ্ঠুরভাবে মনে করিয়ে দিয়েছে যে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে অনেক বেশি সময় পার হয়ে গেছে। ঘটনাগুলি আর বিচ্ছিন্ন নয়, আগামীটি আসছে। তা দেখার জন্য "500 বছরের" বন্যা দ্বারা ক্ষতবিক্ষত আপস্টেট কাউন্টিগুলি বা নিউ ইয়র্ক সিটির টানেল পর্যন্ত গেলেই চলে এবং লং আইল্যান্ডের সম্প্রদায়সমূহ হারিকেন স্যান্ডির আঘাত হানার এক দশক পরেও এখনো মেরামত করে যাচ্ছে।

এটি এখনই এবং এখানেই আমাদের জীবনযাত্রার প্রতি হুমকিস্বরূপ, এবং এইজন্যই আমাদেরকে অবশ্যই এই মুহূর্তের প্রয়োজন মেটানো উচ্চাকাঙ্ক্ষী এজেন্ডা বাস্তবায়ন করতে হবে, এবং আমরা করবো।

আমরা ইতিমধ্যে এই শরতের ব্যালটে এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (Environmental Bond Act) 4 বিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধি করার মাধ্যমে শুরু করেছি যাতে করে আমাদের প্রয়োজনীয় সংস্থান থাকে।

আমি এখন অফশোর বায়ু শক্তিতে দেশের সর্বোচ্চ 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দিচ্ছি যা হাজার হাজার ভালো বেতনের সবুজ কর্মসংস্থান সৃষ্টি করবে।

যেহেতু আমরা আমাদের বায়ু-শক্তির ক্ষমতা গঠন করছি এবং সবুজ শক্তিতে রূপান্তর অব্যাহত রেখেছি, তাই জীবাশ্ম জ্বালানির প্রতি আমাদের নির্ভরতা ধীরে ধীরে শেষ করতে হবে। সেপ্টেম্বরে, আমি দুইটি পরিচ্ছন্ন শক্তির মেগা-প্রকল্প ঘোষণা করেছি যা 2030 সালের মধ্যে নিউ ইয়র্ক সিটির পাওয়ার প্ল্যান্টের নিঃসরণ 80 শতাংশ হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনের জন্য আমাদের সঠিক পথে রেখেছে। 2027 সালের মধ্যে স্টেটে নতুন নির্মাণ কাজ নিঃসরণমুক্ত হবে, এবং আমরা জলবায়ু বান্ধব, বৈদ্যুতিক বাড়ি বানাবো এবং বৈদ্যুতিক গাড়ি, ট্রাক, এবং বাস বৃদ্ধি করবো।

আমাদের পরিবেশ রক্ষা করা আমার জন্য ব্যক্তিগত ব্যাপার। আমি এমন এক সময়ে এবং এমন এক স্থানে জন্মেছি, যেখানে ফ্যাক্টরির স্মোকস্ট্যাক থেকে বের হওয়া কমলা ধোয়া আকাশকেই ঢেকে দিতো, সাথে এমন দুর্গন্ধ ছিলো যা আমি এখনো মনে করতে পারি এবং একইসাথে এটি বিশ্বের সর্ববৃহৎ মিঠাপানির লেকে বিষাক্ত বর্জ্য ফেলতো।

আমি আমার চারপাশে জলবায়ু পরিবর্তনের কারণ নিয়ে বেঁচেছি, এবং আমি এখন তার প্রভাব নিয়ে বাঁচছি।

এখন যখন আমাদের জলবায়ু সঙ্কটের মোকাবেলা করতে হচ্ছে, আমরা মানুষের সবথেকে বড় মৌলিক অধিকারগুলির একটি নিয়ে সমস্যা সমাধান করবো, যা হলো রাস্তায়, স্কুলে এবং বাড়িতে নিরাপদ বোধ করা।

সময় সময়ে, নিউ ইয়র্কবাসীরা আমাকে বলেছে যে তারা নিরাপদ বোধ করে না যে তারা রাস্তায় যা দেখছে তা তাদের ভালো লাগে না এবং সময় পাল্টে গিয়েছে বলে মনে হয়, কিন্তু ভালো দিকে নয়।

এটি শুধু নিউ ইয়র্ক সিটিতে নয়, পুরো আমেরিকার সকল শহরেই হচ্ছে। আমাদের রাস্তা অনিরাপদ মনে হওয়ার পেছনে অনেক কারণ রয়েছে যেমন মহামারী শুরু হওয়ার সময় থেকে পুরো দেশে বাস্তব বন্দুক সহিংসতা বৃদ্ধি।

এখন, এটি 70, 80 এবং 90 দশকের অন্ধকার যুগে ফেরত যাওয়া নয়। কিন্তু এটি আমাদের সাফল্যের মাপকাঠি নয়। আমাদের সঠিক পথে ফেরত আসতে হবে।

অক্টোবরে, আমি একটি বিলে স্বাক্ষর করেছি যা বন্দুক সাথে রাখার এবং নিবন্ধনের লুপহোল বন্ধ করে, যা আইন প্রয়োগকারী বাহিনীর জন্য অপরাধে ব্যবহৃত অস্ত্র খুঁজে পাওয়া এবং বন্দুক পাচার বন্ধ করা সহজতর করে।

এবং আমরা গোস্ট গান বিক্রয় নিষিদ্ধ করেছি। আগামীতে, আমরা বন্দুক সহিংসতার সাথে লড়াই করার জন্য ব্যবহারিক, প্রমাণিত আইন প্রয়োগের কৌশল আরো বৃদ্ধি করবো। মেয়র অ্যাডামস এবং লেফটেন্যান্ট গভর্নরের, যাকে আমি আমাদের প্রশাসনের হয়ে নেতৃত্ব দিতে বলেছি, কাজ করে আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) এবং অন্যান্য আইন প্রয়োগকারী এজেন্সির মধ্যে একটি নতুন কনসোর্টিয়াম গঠন করবো, যেখানে অপরাধে ব্যবহৃত বন্দুক খুঁজে বের করা এবং আমাদের স্টেটে বন্দুক প্রবাহ বন্ধ করার জন্য প্রতিবেশী স্টেটসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

আমরা আমাদের বন্দুক খুঁজে বের করার প্রচেষ্টা এবং সফল সম্প্রদায়-ভিত্তিক কর্মসূচি উভয়ের জন্য সংস্থান তিনগুণ করবো।

বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু আমাদেরকে অন্য যেসকল কারণে আমাদের রাস্তায় অনেকেই ব্যাপক অস্বস্তি বোধ করে তার সমাধানও করতে হবে।

এর মধ্যে রয়েছে আমাদের সামনেই শুরু হওয়া মানবাধিকার সঙ্কট: রাস্তায় গৃহহীন মানুষের সংখ্যা বৃদ্ধি। আমাদের মতো নিউ ইয়র্কবাসীরা, যাদের পরিস্থিতির কারণে আমাদের সহানুভূতি প্রাপ্য, তারা সেটি পাবে এবং আমাদের সমর্থনও পাবে।

আমরা মানসিক স্বাস্থ্য পেশাদার এবং সামাজিক কর্মীদের একটি দল গঠন করবো, যারা নিউ ইয়র্ক সিটির আউটরিচ কর্মীদের সাথে অংশীদারিত্ব করে গৃহহীন মানুষদের খুঁজবে এবং তাদের আশ্রয়কেন্দ্র ও আবাসনে স্থানান্তর করবে।

একই সময়ে, আমরা জানি যে রাস্তার গৃহহীন মানুষ মোট গৃহহীন জনগোষ্ঠীর একটি ক্ষুদ্র অংশ মাত্র।

রাস্তায় ঘুমাচ্ছে এমন মানুষ ছাড়াও, লাখ লাখ মানুষ নিজের বাসা বলার মতো স্থান নিশ্চিত করতে গিয়ে আশ্রয়কেন্দ্রে আসা যাওয়া করে এবং দুঃখজনকভাবে এর মধ্যে অনেকেই শিশু।

আমাদের গৃহহীনতার মূল কারণ সমাধানে মনোযোগ দিতে হবে, মানসিক স্বাস্থ্যের অপূর্ণ চাহিদা, দারিদ্র্য, আসক্তি, এবং আবাসন অনিরাপত্তা।

প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী আবাসন পাওয়ার অধিকার রয়েছে, গৃহহীনতার ঝুঁকিতে থাকা মানুষের এবং প্রতি মাসে ভাড়া প্রদানে কষ্টে থাকা মানুষের জন্যও।

অনেক বেশি মানুষ শুধু নিদারুণ আর্থিক কষ্ট ভোগ করছে না, বরং আরো বেশি সমস্যা হলো আবাসনের মূল্য বহু মানুষের নাগালের বাইরে বৃদ্ধি পেয়েই যাচ্ছে, যার ফলে পরিস্থিতি আরো খারাপ হচ্ছে।

এইজন্য আমি একটি নতুন, পাঁচ-বছরের আবাসন পরিকল্পনা শুরু করছি যা 100,000টি সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণ করবে, যেখানে উচ্চ ঝুঁকির জনগোষ্ঠীর জন্য 10,000টি সমর্থক সেবাসহ ইউনিট থাকবে, যেমন পালিয়ে যাওয়া শিশু কিশোর এবং প্রাক্তন কারাবন্দী মানুষ।

এবং আমরা নিউ ইয়র্ক সিটি হাউসিং অথোরিটির (New York City Housing Authority, NYCHA) বাসিন্দাদের সমস্যা আর অগ্রাহ্য করতে পারি না যারা মাঝে মাঝে শোচনীয় অবস্থায় বাস করছে। লেফটেন্যান্ট গভর্নর এবং আমি নিউ ইয়র্ক সিটি এবং আইনসভার সাথে কাজ করবো এই সেশনে জোর পদক্ষেপ নেওয়ার জন্য। এছাড়াও আমরা সেকেলে জমি ব্যবহারের আইন ঠিক করবো যা আবাসন সরবরাহকে বাঁধাগ্রস্ত করে।

আমরা ট্রানজিট-কেন্দ্রিক বিকাশ উৎসাহিত করবো এবং হোটেল ও অফিসকে আবাসনে পরিণত করাও আমাদের আবাসন কৌশলের একটি অংশ।

আমার প্রস্তাবিত সবকিছু অর্জন নির্ভর করে এমন একটি সরকারের উপর যার প্রতি মানুষের আস্থা রয়েছে।

পুরো দেশে, সরকারের প্রতি মানুষের আস্থা এখন সর্বনিম্ন। আমরা জানি কেনো। সামাজিক যোগাযোগ মাধ্যমের ভুল তথ্য এবং মিথ্যা দ্বিপার্শ্বীয় ভেদাভেদকে বিস্তৃত করছে, ওয়াশিংটনের গ্রিডলক ভোটাধিকারকেও সরাসরি আক্রমণ করছে।

সরকারের সকল পর্যায়ে নির্বাচিত কর্মকর্তাদের বিশ্বাস করা মানুষের জন্য কঠিন এবং কঠিনতর হয়ে যাচ্ছে।

প্রশ্ন হলো: আমরা কীভাবে তাদের বিশ্বাস পুনঃস্থাপন করবো?

এখানে, নিউ ইয়র্কে, আমাদের জবাব হলো তাদের প্রদর্শন করা ভালো ও সৎ সরকার কীরকম হয়।

এবং আমরা ইতিমধ্যে আমাদের প্রথম পদক্ষেপ ঘোষণা করেছি।

আমরা স্টেটব্যাপী কর্মকর্তাদের মেয়াদ দুইটিতে সীমিত করার জন্য আইনসভায় একটি প্রস্তাবনা পেশ করছি।

সরকার কার্যকর করার জন্য, ক্ষমতাসীনরা ক্ষমতা আঁকড়ে রাখতে পারবে না।

আমাদেরকে নিয়মিতভাবে ভিন্ন দৃষ্টিভঙ্গি ও নতুন ধারণার নতুন নেতৃবৃন্দকে দায়িত্ব হস্তান্তর করতে থাকতে হবে।

আমাদের সংশোধনে স্টেটব্যাপী কর্মকর্তাদের জন্য বাইরের উপার্জন নিষিদ্ধ করা অন্তর্ভুক্ত থাকবে কারণ আমাদের একমাত্র চাকরি হওয়া উচিত নিউ ইয়র্কের মানুষকে পরিষেবা প্রদান।

কিন্তু, ব্যবস্থার এটিই একমাত্র অংশ নয় যেটি কাজ করছে না।

এটি গোপন ব্যাপার নয় যে সাম্প্রতিক কিছু ঘটনার ফলে গণনীতির যৌথ কমিশনের (Joint Commission on Public Ethics, JCOPE) কার্যকারিতা নিয়ে প্রশ্ন উঠেছে।

আমি এই কমিশনকে একটি নতুন নীতিশাস্ত্র প্রণয়ন প্রহরী দ্বারা প্রতিস্থাপন করার বিধিমালা উপস্থাপন করবো।

যাদের সত্যিকারের ক্ষমতা থাকবে। যারা নিউ ইয়র্কবাসীর কাছে জবাবদিহি থাকবে - রাজনীতিবিদদের কাছে নয়।

এই পরিবর্তনের কোনওটিই রাতারাতি আমাদের সরকারকে ঠিক করে দিবে না এবং এই রক্ষাকবচ স্থাপনের অর্থ এটি হবে না যে নির্বাচিত কর্মকর্তারা হোঁচট খাবে না বা সত্যিই ভুল করবে না।

কিন্তু অতি প্রয়োজনীয় এই সংশোধন স্থাপন করার মাধ্যমে, আমরা নিদেনপক্ষে আমাদের বাসিন্দার জন্য কোনটি সত্যিই গুরুত্বপূর্ণ সেই ব্যাপারে মনোযোগ দিতে জনগণের বিশ্বাস পুনঃস্থাপন শুরু করতে পারবো।

আপনার যা শুনলেন তা হলো আমাদের আজকে প্রকাশিত বইয়ে থাকা 220টির বেশি প্রস্তাবনার নমুনামাত্র।

বেশ অসাধারণ একটি অর্জন যেহেতু আমরা মাত্র 134 দিন ধরে দায়িত্ব পালন করছি।

আমি আমার কঠোর পরিশ্রমী স্টাফের প্রশংসা করছি যারা আমাকে এই এজেন্ডা তৈরিতে সাহায্য করেছে, আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বকালের সবথেকে বৈচিত্র্যময় প্রতিভাবান দলের পেয়ে গর্বিত।

এখন থেকে বের হয়ে কাজে নিয়োগ হওয়ার আগে।

আমি এক মুহূর্তের বিরতি নিয়ে আমাদের স্টেটের অনন্য গল্প মনে করতে চাই এবং আমাদের ভবিতব্যের ব্যাপারে ভাবতে চাই।

এর সূচনালগ্ন থেকেই আমাদের দেশ বিশ্বের সব স্থানের মানুষকে আকৃষ্ট করেছে, এমন একটি আদর্শের সন্ধানে যা নিজের মাতৃভূমি ত্যাগের ঝুঁকি নেওয়ার যোগ্য।

দুইটি সহজ শব্দ: আমেরিকান স্বপ্ন।

এবং এর খোঁজে, লাখ লাখ মানুষ এখানে, আমাদের কাছে এসে পড়েছে।

নিউ ইয়র্ক সবসময় আরো ভালো জীবনের প্রতিশ্রুতি ছিলো, এলিস আইল্যান্ডের মাধ্যমে দক্ষিণের দাসত্ব থেকে পালিয়ে আসা মানুষের জন্য বা আফগানিস্তান থেকে উচ্ছেদ হওয়া মানুষের এখানে পুনর্বাসনের জন্য।

আমাদের স্টেট পুরো দেশে সমতা ও প্রগতির আন্দোলনের জন্মস্থান হিসেবে পরিচিত, শ্রমিক আন্দোলন, নারী অধিকারের আন্দোলন, LGBTQ+আন্দোলন, পরিবেশ সংক্রান্ত আন্দোলন, বর্ণ সংক্রান্ত ন্যায়বিচারের আন্দোলন এই সবগুলিই আলোকিত নিউ ইয়র্কবাসীর দ্বারা এখানে শুরু হয়েছে।

আমরা সেরা, উজ্জ্বলতম এবং সবথেকে সাহসীদের আকৃষ্ট করি। আমরা বর্ণগত, জাতিগত এবং লিঙ্গগত বৈচিত্র্যকে, সংস্কৃতি ও বিনোদনকে গ্রহণ ও উদযাপন করি, যেখানে ব্রডওয়ের মতো একটি শব্দই সবকিছু বলে দেয়।

যেখানে নায়াগ্রা ফলস, অ্যাডিরনড্যাক, জোন্স সৈকত, ফিঙ্গার লেকস, ইরি খাল এবং হাডসন নদী ভ্যালির অতুলনীয় সৌন্দর্য

এবং রাতে আলোকসজ্জিত নিউ ইয়র্ক সিটির স্কাইলাইনের জাঁকজমক, সবই মনোমুগ্ধকর।

আমরা এই রকম এবং আমরা এটি নিয়ে গর্ব করি, আমরা অতীতের আন্দোলনের শিখা প্রজ্বলিত রাখি। আমাদের কাছে আমানত রাখা প্রাকৃতিক সম্পদের রক্ষক এবং সাহস ও আত্মবিশ্বাসের সাথে আমাদের স্টেটকে নেতৃত্ব দিবে এমন স্বপ্নদ্রষ্টা।

যদিও আমরা নিখুঁত নই, কিন্তু নিউ ইয়র্কবাসীরা সবসময় ঝুঁকি নিয়েছে, তারা উদ্যোক্তা, উদ্ভাবক, নির্মাতা, নতুন অভিবাসী, শিক্ষার্থী এবং সত্যিকারের বিশ্বাসী এবং স্বপ্নদ্রষ্টা, যারা জানে যে নিউ ইয়র্ক একটিই।

আমার প্রিয় নিউ ইয়র্কবাসী, আইনসভার সদস্যরা, একটি নতুন আমেরিকান স্বপ্নের সময় এসে গেছে।

আরো ভালো, ন্যায্যতর, আরো অন্তর্ভুক্তিমূলক নিউ ইয়র্ক যাকে আমি দ্য নিউ ইয়র্ক ড্রিম ডাকছি।

কারণ নিউ ইয়র্ক শুধুই একটি স্থান নয়, এটি একটি আদর্শও।

এমন একটি আদর্শ যা আনন্দ, শক্তি, এবং সীমাহীন সম্ভাবনা ধারণ করে।

ঠিক যেমন আমরা আমাদের দেশের সামাজিক ন্যায়বিচার আন্দোলনের নেতৃত্ব দেওয়া মহান নিউ ইয়র্কবাসীর দ্বারা, এবং FDR-র মতো ঠাণ্ডা মাথায় সঙ্কট মোকাবেলা করতে পারা নেতার দ্বারা সৃষ্ট ইতিহাস দ্বারা অনুপ্রাণিত হয়েছি, ঠিক তেমনটি ইতিহাস ফিরে তাকিয়ে আমাদের সময়কে দেখবে।

আমাদের কীভাবে বিচার করা হবে তা নির্ণীত হবে এখন এই সময় আমরা কী করছি তার উপর।

চলুন এই মুহূর্তকে দারুণ আত্মবিশ্বাস ও আশাবাদ দিয়ে কাজে লাগাই।

এবং এমন একটি অর্জনের লেগেসি তৈরি করি যা দীর্ঘদিন ধরে বেঁচে থাকবে, নিউ ইয়র্কের জন্য একটি নতুন যুগ।

এবং ঈশ্বর মহান নিউ ইয়র্ক স্টেটের এবং আমাদের দেশের মানুষদের মঙ্গল করুন।

ধন্যবাদ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন